

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৪২.২৫.১৯৪

বিষয়: ১০০% রপ্তানীমুখী শিল্প কারখানার অনুকূলে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ ছাড়করণের লক্ষ্যে
আই, পি জারীর জন্য সুপারিশ প্রেরণ।

সূত্র: আবেদনপত্র নং-৮২২, তারিখঃ ০৪/০৯/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, “তা ফং টেক্সটাইল কোম্পানী লিমিটেড”, অফিস ও কারখানাঃ নওয়াপাড়া, মাধবদী পৌরসভা, নরসিংদী নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী “টেক্সটাইল স্পিনিং” উপ-খাতে রেজিস্ট্রেশন প্রাপ্ত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা-পরিঃস্পিনিং: ০০০০০৭৫৬-২০২৪, তারিখঃ ১৪/০৫/২০২৪ খ্রিঃ। বিদেশী উদ্যোক্তা তাদের কারখানার অনুকূলে বিদেশ থেকে কিছু মেশিনারীজ FREE OF COST এর আওতায় সরাসরি প্রেরণ করেছেন। যা ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। উক্ত প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর প্রয়োজনীয় সুপারিশ প্রেরণের জন্য কারখানার মালিকপক্ষ বস্ত্র অধিদপ্তরে আবেদন করেছেন। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহের ইনভয়েস নং- DF250815 Date: 21/08/2025 খ্রিঃ, বিএল নং- A56FX23782 Date: 26/08/2025 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- 41,220.00 ইউএসডি দাখিল করেছেন। প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ কারখানার অবস্থান: নওয়াপাড়া, মাধবদী পৌরসভা, নরসিংদী, বাংলাদেশ-এ স্থাপন করবেন বলে জানিয়েছেন।

২। এমতাবস্থায়, উক্ত বস্ত্র শিল্প কারখানার মালিকপক্ষের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ডকুমেন্টস এর মাধ্যমে কারখানার নামে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ খালাস করার লক্ষ্যে কাষ্টমস কর্তৃপক্ষের বিদ্যমান নীতিমালা আমদানি নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে এবং সংশ্লিষ্ট এস.আর.ও মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইম্পোর্ট পারমিট (আই. পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

১০-০৯-২০২৫

মোঃ সাইফুর রহমান
উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৪২.২৫.১৯৪/১ (৫)

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
- ২। মহাব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, “তা ফং টেক্সটাইল কোম্পানী লিমিটেড”, অফিস ও কারখানাঃ নওয়াপাড়া, মাধবদী পৌরসভা, নরসিংদী, বাংলাদেশ।
- ৪। এসিস্টেন্ট মেনেজিং ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। ., অফিস কপি।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the name and title.

১০-০৯-২০২৫

কামরুল আলম

সহকারী পরিচালক (কারিগরি)।